

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড  
ঝিনাইদহ শাখা, শের এ বাংলা রোড, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

“বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি(অর্থায়ন আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)”

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এর ঋণগ্রহীতা মেসার্স আনোয়ার হোসেন, প্রোপাইটর- মোঃ আনোয়ার হোসেন, পিতা- মৃত গোলাম সরোয়ার শাহ, ঠিকানা- ৭৯, চাকলা পাড়া, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ, কর্তৃক গ্রহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা রেজিস্ট্রিকৃত বন্দকী দলিলমূলে ব্যাংকের নিকট আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তারনামা দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংকে প্রদান করা আছে। ঋণ গ্রহীতা ঋণ মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/১২/২০১৪ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৬,৮৮,৫৯৫.৮৮ (কথায়-ছয় লক্ষ অষ্টাশি হাজার পাঁচশত পচানব্বই টাকা অষ্টাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুশঙ্গিক খরচ এবং আদায় কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনা নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্বাক্ষরিত ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহে তফসিল

জেলা-ঝিনাইদহ, থানা- সদর, জে.এল নং-১২৪, মৌজা-খোর্দা ঝিনাইদহ, খতিয়ান নং- সি.এস-১৩৪, এস.এ-১২৯, মিউটেশন খতিয়ান নং- ২৮০/৭, সিএস ও এসএ দাগ নং- ৪১, মোট জমির পরিমাণ- ০৫ শতাংশ ও তদুপরিস্থিত ০২তলা ভবন।

নিলামের শর্তাবলী

- ১। আগামী ২৬.০৪.২০১৫ ইং তারিখে অপরাহ্ন ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এ রক্ষিত টেন্ডার বাস্তবে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে(যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দরের ১৫% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে আপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অন্বেষণ হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৭। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ঝিনাইদহ শাখা, ঝিনাইদহ